গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.৯৯.৮৪.২৩.**৪৩০**

তারিখ: ২১ চৈত্র ১৪৩০
৪ এপ্রিল ২০২৪

**বিষয়: চাঁদপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে 'শাহরাস্তি উপজেলাধীন হোসেনপুর বাজারে সুপার মার্কেট' নির্মাণের লক্ষ্যে জেলা পরিষদ হতে প্রস্তুতকৃত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন।**

সূত্র: ১. জেলা পরিষদ, চাঁদপুর এর স্মারক ৪৬.৪২.১৩০০.১০২.১৮.৫৫০.২২.৩১৩, তারিখ: ১২/১০/২০২৩।
২. প্রধান প্রকৌশলী, এলজিইডি এর স্মারক ৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৪৬.১৯.১৮৩০, তারিখ: ১২/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও ১৮,১৯,১০,৩৫৫/- (আঠার কোটি উনিশ লক্ষ দশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকার প্রাক্কলন অনুযায়ী চাঁদপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্রম | প্রকল্পের নাম | এলজিইডি কর্তৃক যাচাইকৃত প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | চাঁদপুর জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামীর অর্থে শাহরাস্তি উপজেলাধীন হোসেনপুর বাজারে সুপার মার্কেট নির্মাণ | ১৮,১৯,১০,৩৫৫/-(আঠার কোটি উনিশ লক্ষ দশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা |

**শর্তসমূহ:**

১. পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং জেলা পরিষদ বরাদ্দের ব্যবহার নির্দেশনা, ২০২২ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. বিল্ডিং কোড অনুসরণ করত: পরিবেশ, ফায়ার সার্ভিসসহ অন্যান্য বিভাগের প্রয়োজনীয় ছাড়পত্র/ অনুমোদন গ্রহণ করতে হবে।
৩. দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ব্যাপক প্রচার/ পত্রিকার বিজ্ঞপ্তি/ সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
৪. সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক স্বচ্ছতার মাধ্যমে দোকানঘর/ ফ্লোর বরাদ্দ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৫. প্রস্তাবিত মার্কেটের দোকানঘর/ ফ্লোর বরাদ্দের জন্য স্থানীয় জনসাধারণ ও ব্যবসায়ীদের সেলামী প্রদানে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. পরিবেশ দূষণ রোধে মার্কেটের চর্তুদিকে পানি নিষ্কাশনের ড্রেনগুলো অবশ্যই স্লাব দ্বারা ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।
৭. উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে উক্ত কাজের প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন পরিবর্তন করা যাবে না।
৮. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২৫/৭/২০২৩ তারিখের ২২৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৯. প্রকল্পটি সেলামীর অর্থায়নে বাস্তবায়ন করতে হবে।
১০. জেলা পরিষদের সভায় অনুমোদন গ্রহণপূর্বক উল্লিশিত শর্তসমূহ বাস্তবায়ন করতে হবে।

সংযুক্তি: এলজিইডি কর্তৃক যাচাইকৃত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন।

৪/৪/২০২৪
মাহবুবা আইরিন
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ:**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁদপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।

**অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.৯৯.৮৪.২৩.**৪৩০**

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ / ৪ এপ্রিল ২০২৪

**অনুলিপি:**

১. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

৪/৪/২০২৪

মাহবুবা আইরিন
উপসচিব